

## কৃষি গবেষণা ফাউন্ডেশন এবং ATN Bangla এর মধ্যে সমঝোতা স্মারক

কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ) এবং ATN Bangla (মাল্টিমিডিয়া প্রোডাকশন কোং লি:) এর মধ্যে একটি সমঝোতা স্মারক ০৭ ফেব্রুয়ারী ২০১৯ খ্রিষ্টাব্দ রোজ বৃহস্পতিবার কেজিএফ এর বোর্ড রুম এ স্বাক্ষরিত হয়।



ফুলেল শুভেচ্ছা

সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান

বাংলাদেশ সরকারের পৃষ্ঠপোষকতায় কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ) একটি টেকসই কৃষি গবেষণা ও উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান যাহা দেশে লাগসই কৃষি প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে লাভজনক কৃষি কাজের নতুন ধারা প্রবর্তনের লক্ষ্যে, সরকারি ও বেসরকারি গবেষণা ইনস্টিটিউট সমূহ, বেসরকারি সংস্থা, বিশ্ববিদ্যালয় ও ব্যক্তি উদ্যোক্তাদের উদ্ভাবিত আধুনিক সফল প্রযুক্তিগুলোর অভিযোজনের জন্য আর্থিক ও কারিগরি পৃষ্ঠপোষকতায় মাধ্যমে “অ-লাভজনক” প্রতিষ্ঠান হিসেবে কোম্পানী আইনে জয়েন্ট স্টক কোম্পানী এন্ড ফার্মস এর রেজিট্রেশন প্রাপ্ত হয়ে ২০০৭ সাল থেকে যাত্রা শুরু করে।

বাংলাদেশ সরকারের পৃষ্ঠপোষকতায় কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ) একটি টেকসই কৃষি গবেষণা ও উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান যাহা দেশে লাগসই কৃষি প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে লাভজনক কৃষি কাজের নতুন ধারা প্রবর্তনের লক্ষ্যে, সরকারি ও বেসরকারি গবেষণা ইনস্টিটিউট সমূহ, বেসরকারি সংস্থা, বিশ্ববিদ্যালয় ও ব্যক্তি উদ্যোক্তাদের উদ্ভাবিত আধুনিক সফল প্রযুক্তিগুলোর অভিযোজনের জন্য আর্থিক ও কারিগরি পৃষ্ঠপোষকতায় মাধ্যমে “অ-লাভজনক” প্রতিষ্ঠান হিসেবে কোম্পানী আইনে জয়েন্ট স্টক কোম্পানী এন্ড ফার্মস এর রেজিট্রেশন প্রাপ্ত হয়ে ২০০৭ সাল থেকে যাত্রা শুরু করে।

ATN Bangla ১৫ জুলাই ১৯৯৭ সালে বাংলাদেশের স্যাটেলাইট চ্যানেল হিসেবে যাত্রা শুরু করে এবং ১৯৯৯ সালে এনালগ থেকে ডিজিটাল চ্যানেলে পরিবর্তিত হয়। পরবর্তীতে ২০০০ সালের পর থেকে এটিএন বাংলা তার অনুষ্ঠানমালা বিশ্বব্যাপি সম্প্রচার শুরু করে। সম্মান আর অভিজ্ঞতাকে সঙ্গী করে নতুন নতুন অনুষ্ঠানের সমন্বয়ে আরও বস্তুনিষ্ঠ সংবাদ নিয়ে এটিএন বাংলা সফলতার সাথে এগিয়ে যাচ্ছে।

নিম্নবর্ণিত উদ্দেশ্যে উপরোক্ত দুই প্রতিষ্ঠানের মধ্যে সমঝোতা স্মারকটি স্বাক্ষরিত হয়

- বাংলাদেশ সরকারের পৃষ্ঠপোষকতায় কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ) ও সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি সংস্থা ও বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য প্রতিষ্ঠানসমূহের কৃষি গবেষণালব্ধ শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন কার্যক্রমের ধারাবাহিকতার ফলাফল সর্বস্তরের জনগণকে অবহিত করা।

- কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ) বিশেষজ্ঞ বিজ্ঞানী ও উদ্যোগীদের সহযোগীতায় যুগোপযোগী প্রযুক্তির উদ্ভাবন, অভিযোজন ও জ্ঞান বিস্তারের মাধ্যমে কৃষির উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে অবদান বিস্তার ঘটানো।
- কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ), কৃষি গবেষণার দ্বারা উদ্ভাবিত টেকসই প্রযুক্তির অভিযোজন, মূল্য সংযোজনসহ জলবায়ু পরিবর্তন জনিত অভিযোজন এবং প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনায় গৃহীত কর্মসূচী দেশ ও বিদেশে ছড়িয়ে দেয়া।

ATN Bangla কৃষি খামার ও উন্নয়নকে সর্বোচ্চ প্রাধান্য দিয়ে অনুষ্ঠান নির্মাণ করে আসছে। এই সমঝোতা স্মারকের মাধ্যমে ATN Bangla কৃষি বিষয়ক অনুষ্ঠান সোনালী দিন (সাপ্তাহিক) সন্ধ্যা ৬.২৫ ঘটিকায় প্রচার করবে ও পরের দিন সকাল ৬.৩০ ঘটিকায় পুনঃ প্রচার করা হবে ফলে কেজিএফ এর সাথে সংশ্লিষ্ট সকলে বিশেষভাবে নীতি নির্ধারণীমহল ও কৃষক অনুষ্ঠানগুলো সহজেই দেখতে পারেন। এই অনুষ্ঠানের বিশেষত্ব হচ্ছে যে, এক সপ্তাহে মাঠ প্রতিবেদন ও পরের সপ্তাহে কৃষি বিষয়ক টকশো প্রচার করা হবে। তাছাড়া কৃষি বিষয়ক ব্যক্তিত্ব ও বেসরকারী সংস্থার পাশাপাশি সরকারের চলমান কৃষি গবেষণা/সম্প্রসারণ/প্রযুক্তি উন্নয়ন ইত্যাদি বিষয় উপস্থাপন করা হবে।



### সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান

এই সমঝোতা স্মারকের পরিপেক্ষিতে ১ বছরে ৫২ পর্ব প্রচার করা হবে। প্রথমে ৬ মাসে ২৬ পর্ব প্রচার করা হবে এবং সফলতার উপর ভিত্তি করে পরবর্তীতে আরও ৬ মাসে ২৬ পর্ব প্রচার করা হবে।

এই সমঝোতা স্মারকে, সম্মানিত নির্বাহী পরিচালক ড.ওয়ায়েস কবির, কেজিএফ, বিএআরসি কমপ্লেক্স, ফার্মগেট, ঢাকা এবং সনামধন্য টেলিভিশন ব্যক্তিত্ব জনাব নওয়াজেশ আলী খান, প্রধান, মাল্টিমিডিয়া প্রোডাকশন কোং লিঃ (এটিএন বাংলা), নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা, উভয় পক্ষের সম্মতিতে এই সমঝোতা স্মারক স্বাক্ষর করেন। উক্ত অনুষ্ঠানে কেজিএফ এবং এটিএন বাংলার সম্মানিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।